

শেখ হাসিনার দর্শন  
বাংলাদেশের উন্নয়ন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
রাজস্ব বিভাগ  
এস্টেট শাখা

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

## আসন্ন কোরবানী উপলক্ষে অস্থায়ী পশু হাট ইজারা বিজ্ঞপ্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকাধীন নিম্ন বর্ণিত ৬ (ছয়টি) অস্থায়ী পশু বাজার পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ১লা জিলহজ্জ হতে ১০ই জিলহজ্জ ১৪৩৮ হিজরী সন পর্যন্ত ১০ (দশ) দিনের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র ফরম প্রতিটি নিম্নে বর্ণিত দর মোতাবেক পে-অর্ডারের মাধ্যমে মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে (অফেরৎযোগ্য) এস্টেট শাখা থেকে আগামী ০১/০৮/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে এবং দরপত্র আগামী ০২/০৮/২০১৭খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে চসিক ভবনের ২য় তলায় রক্ষিত বক্সে দরপত্র ফেলা যাবে। ঐদিন বেলা ১.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে দরপত্র ~~স্বাক্ষর~~ হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। উল্লিখিত বাজারের জন্য প্রস্তাবিত দরের উপর ৩০% (শতকরা ত্রিশ) ভাগ হারে জামানতের অর্থ বাবদ চট্টগ্রামস্থ যে কোন সিডিউল ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট / পে-অর্ডার দরপত্রের সঙ্গে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র গ্রহণ ও অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে দরের অবশিষ্ট ৭০% শতাংশ টাকা ও ইজারা মূল্যের উপর আরো অতিরিক্ত ৫% হারে অগ্রীম আয়কর এবং ইজারা মূল্যের উপর আরো অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বিধিমোতাবেক পরিশোধ করতে হবে। অস্থায়ী পশু বাজারের বিপরীতে ইজারাদার কর্তৃক নিজ উদ্যোগে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা নিতে হবে।

ক্রঃ নং	অস্থায়ী পশু বাজারের নাম	দরপত্র মূল্য	গড় মূল্যের উপর ২৫% বৃদ্ধিসহ
১	কর্ণফুলী পশু বাজার (নূর নগর হাউজিং)	৪৩,৮০০/-	২,১৫,৯২,৬১৬/-
২	সল্টগোলা রেলক্রসিং সংলগ্ন স্থান (ইজারাদার কর্তৃক নিজ উদ্যোগে জায়গার ব্যবস্থা করতে হবে)	৮,৮০০/-	৪০,০৩,১৭৬/-
৩	ষ্টীলমিল পশু বাজার	১৭,৪০০/-	৮৩,৮৪,১৬৮/-
৪	পতেঙ্গা সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় মাঠ পশু বাজার	৫,৮০০/-	২৫,২৫,৮৭৫/-
৫	পোস্তারপাড় স্কুল মাঠে ছাগল বাজার	৪,২০০/-	১৭,৭২,৭৭১/-
৬	কমলমহাজন হাট পশু বাজার	১,০০০/-	১,১৫,০০০/-

চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন বা সকল দরপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এতদসংক্রান্ত শর্ত ও নিয়মাবলী এস্টেট শাখা হতে (অফিস চলাকালীন সময়ে) জানা যাবে।

কর্তৃপক্ষ  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- চসিক/রাঃ বিঃ/এস্টেট/ ৬৭৫ (৩) /১৭

তারিখ : ২৪/৭/১৭ খ্রিঃ